

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

বুধবার ৯ বৈশাখ ১৪৩৩ মোতাবেক ২২ এপ্রিল ২০২৬
বিকাল ৩:০০ ঘটিকায় অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর

- (ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য প্রশ্ন
(প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর পর্বের প্রথম ৩০ মিনিট মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য নির্ধারিত)
- (খ) মাননীয় মন্ত্রীগণের জন্য নির্ধারিত প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর
(স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর

গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা

১। জনাব মোহাম্মদ ফাহিম চৌধুরী (শেরপুর-২), মাননীয় সদস্য কর্তৃক আনীত “শেরপুর জেলা ও এর পার্শ্ববর্তী সীমান্ত এলাকাসহ সকল গারো পাহাড় অঞ্চলে বন্য হাতির উপদ্রব রোধ ও মানব-হাতি সহাবস্থান নিশ্চিতকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উচ্চ পর্যায়ের কমিটি গঠন” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। জনাব মোঃ আয়নুল হক (সিরাজগঞ্জ-৩), মাননীয় সদস্য কর্তৃক আনীত “ইউনিয়ন ভূমি অফিসে নামজারীর ক্ষেত্রে দালালের দৌরাত্ম্যে সাধারণ লোক হয়রানি” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় ভূমি মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

৩। জনাব মোহাম্মদ আজহারুজ্জামান (ময়মনসিংহ-১০), মাননীয় সদস্য কর্তৃক আনীত “ফ্যাসিস্ট আমলের সারের ডিলার বাতিল” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় কৃষি মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা (বিধি-৬৮)

জনাব মোঃ শফিকুর রহমান (ঢাকা-১৫), মাননীয় সদস্য কর্তৃক আনীত “দেশের বর্তমান জ্বালানি সংকট নিরসনে এবং জনদুর্ভোগ লাঘবে অবিলম্বে সরকারের কার্যকর ও দৃশ্যমান পদক্ষেপ গ্রহণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

ঢাকা,

৮ বৈশাখ ১৪৩৩

২১ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।